ন্যায়বিচার দ্রুত হলে জনগণের আস্থা বাড়ে: অ্যাটর্নি জেনারেল



অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে সাত বছরের শিশু রামিসা আক্তার হত্যাকাণ্ডের প্রসঙ্গে অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল বলেছেন, বিচার প্রক্রিয়া দ্রুত শেষ হলে সাধারণ মানুষের মধ্যে বিচার ব্যবস্থার প্রতি আস্থা আরও শক্তিশালী হবে।

বৃহস্পতিবার (২১ মে) সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, দ্রুত বিচার পাওয়া নাগরিকের মৌলিক অধিকার। এমন জঘন্য ঘটনার বিচার যত দ্রুত সম্ভব নিষ্পত্তি করা গেলে ন্যায়বিচারের প্রতি জনগণের আস্থা বাড়ে।

তিনি আরও জানান, আইনশৃঙ্খলা বাহিনী দ্রুত তদন্ত প্রতিবেদন দেবে বলে তিনি আশা করছেন। একই সঙ্গে তিনি বলেন, দ্রুত বিচার সম্পন্ন হলে ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি কমে আসার সম্ভাবনা তৈরি হয়।

LENS ASIA